

পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়


Memo no. EUB/CoE/PVC/Withdrawal/ST/21/07

তারিখঃ ১১/০৬/২০২১ইং

নোটিশ

এতদ্বারা ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্নাতক এবং স্নাতকোত্তর কোর্স সমাপনকারী শিক্ষার্থীর সাময়িক সনদপত্র উত্তোলন করার ক্ষেত্রে আবেদন ফরমে প্রদেয় স্বাক্ষর ও ছবি ভর্তি ফরমের স্বাক্ষর এবং ছবির সাথে সম্পূর্ণ মিল থাকতে হবে। সেই সঙ্গে শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি বাধ্যতামূলকভাবে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। যদি কোনো শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র না থাকে সেক্ষেত্রে তার জন্ম নিবন্ধনপত্র এবং তার অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে। যদি কারও ভর্তি ফরমে প্রদেয় স্বাক্ষর এবং ছবির সাথে সনদ উত্তোলনের আবেদন ফরমে প্রদেয় স্বাক্ষর এবং ছবির মধ্যে কোনো অমিল পরিলক্ষিত হয়, তবে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। তাই আবেদনকারীকে ভর্তি ফরমে প্রদেয় স্বাক্ষর এবং ছবির সাথে মিল রেখে সনদপত্র উত্তোলনের আবেদন করার জন্য নির্দেশ দেয়া হলো।

যে সকল শিক্ষার্থীর ভর্তির সময় শিক্ষাগত সনদ, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, ছবি এবং স্বাক্ষর অসম্পূর্ণ রয়েছে তাদের অতি দ্রুত রেজিস্ট্রার অফিসে যোগাযোগ করে তা সম্পূর্ণ করার জন্য নির্দেশ দেয়া হলো।


১১/০৬/২০২১

হাফিজুর রহমান মোল্লা
ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক
ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ

বিতরণঃ

১. ট্রেজারার
২. প্রক্টর
৩. সকল বিভাগীয় চেয়ারম্যান
৪. অতিরিক্ত রেজিস্ট্রার
৫. ডাইরেক্টর, এ্যাডমিশন
৬. ম্যানেজার, কো-অর্ডিনেশন
৭. সকল শিক্ষক
৮. ডেপুটি ম্যানেজার, একাউন্টস(ক্লাস্টার- এবং ২)
৯. সিনিয়র পিএস(মাননীয় উপাচার্য এবং রেজিস্ট্রার মহোদয়ের দৃষ্টিতে আনার অনুরোধ সহ)
১০. অফিস নথি
১১. ওয়েবসাইট